## নয়া দিগন্ত

# ঢাবিতে 'ইসলামিক সাইকোলজি' বিষয়ে বিশেষ বক্তৃতা অনুষ্ঠিত




ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামিক স্টাডিজ বিভাগের উদ্যোগে ইসলামিক সাইকোলজিবিষয়ক অনুষ্ঠানে বক্তব্য রাখেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ■ নয়া দিগন্ত

● বাসস

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ইসলামিক স্টাডিজ বিভাগের উদ্যোগে 'ইসলামিক সাইকোলজি' বিষয়ক এক বিশেষ বক্তৃতা গতকাল সোমবার আর. সি মজুমদার আর্টস অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে।


ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এতে প্রধান অতিথি ছিলেন। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামিক চিন্তাবিদ ও গবেষক এবং অস্ট্রেলিয়ার চার্লস স্টুয়ার্ট ইউনিভার্সিটির অধ্যাপক ড. গোলাম হোসেইন রসূল এই বিশেষ বক্তৃতা প্রদান করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ ছানাউল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে বিভাগের অনারারি অধ্যাপক ড. মুহাঃ আব্দুল বাকী, মনোবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক মঞ্জুরুল হক, সহযোগী অধ্যাপক সৈয়দ তানভীর রহমান এবং বিশিষ্ট গবেষক জিয়াউল হক আলোচনায় অংশ নেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৈশ্বিক শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠায় ব্যক্তিগত ও সামাজিক জীবনে ইসলামের বিধি-বিধান অনুসরণের ওপর গুরুত্বারোপ করে বলেন, এক্ষেত্রে ইসলামী জ্ঞান অর্জন ও অন্বেষণ করা জরুরি।

তিনি জ্ঞানগর্ভ বক্তৃতার জন্য অস্ট্রেলিয়ার অধ্যাপককে ধন্যবাদ জানান। এই বক্তৃতা থেকে শিক্ষার্থীরা ইসলামের মৌলিক জ্ঞান সম্পর্কে আরো জানতে পারবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

তিনি বলেন, এ ধরনের আয়োজন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চিন্তাবিদ ও গবেষকদের সাথে যোগাযোগ বৃদ্ধি করবে এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্প্রসারণের ক্ষেত্রে ভূমিকা রাখবে।

## আজকের পত্রিকা




# ঢাবিতে 'ইসলামিক সাইকোলজি' বিষয়ে বিশেষ বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ইসলামিক স্টাডিজ বিভাগের উদ্যোগে 'ইসলামিক সাইকোলজি' বিষয়ক এক বিশেষ বক্তৃতা গতকাল সোমবার আর. সি মজুমদার আর্টস অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামিক চিন্তাবিদ ও গবেষক এবং অস্ট্রেলিয়ার চার্লস স্টুয়ার্ট ইউনিভার্সিটির অধ্যাপক ড. গোলাম হোসেইন রসূল এই বিশেষ বক্তৃতা প্রদান করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. ছানাউল্লাহ'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিভাগের অনারারি অধ্যাপক ড. মুহা. আব্দুল বাকী, মনোবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক মঞ্জুরুল হক, সহযোগী অধ্যাপক সৈয়দ তানভীর রহমান এবং বিশিষ্ট গবেষক জিয়াউল হক আলোচনায় অংশ নেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৈশ্বিক শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠায় ব্যক্তিগত ও সামাজিক জীবনে ইসলামের বিধি-বিধান অনুসরণের উপর গুরুত্বারোপ করে বলেন, এক্ষেত্রে ইসলামী জ্ঞান অর্জন ও অন্বেষণ করা জরুরি। তিনি জ্ঞানগর্ভ বক্তৃতার জন্য অস্ট্রেলিয়ার অধ্যাপককে ধন্যবাদ জানান। এই বক্তৃতা থেকে শিক্ষার্থীরা ইসলামের মৌলিক জ্ঞান সম্পর্কে আরও জানতে পারবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, এধরনের আয়োজন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চিন্তাবিদ ও গবেষকবৃন্দের সঙ্গে যোগাযোগ বৃদ্ধি করবে এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্প্রসারণের ক্ষেত্রে ভূমিকা রাখবে। বিজ্ঞপ্তি

# বিএসএস নিউজ

বিএসএস নিউজ
বাংলাদেশ সংবাদ সংস্থার অনলাইন পোর্টাল

## সাউথ এশিয়ান কারাতে চ্যাম্পিয়নশিপে তাইমের স্বর্ণ জয়

০৬ জুলাই ২০২৫, ১৮:৪৮ | বাসস



ঢাকা, ৬ জুলাই ২০২৫ (বাসস) : ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের প্রথম বর্ষের শিক্ষার্থী মো: তাইম হাওলাদার শ্রীলংকায় অনুষ্ঠিত সাউথ এশিয়ান কারাতে চ্যাম্পিয়নশিপে অনূর্ধ্ব-২১ ব্যক্তিগত ইভেন্টে ৫০ কেজি ওজন শ্রেণিতে স্বর্ণপদক অর্জন করেছেন।

এনিয়ে টানা তৃতীয়বার তিনি সাউথ এশিয়ান কারাতে চ্যাম্পিয়নশিপে স্বর্ণপদক লাভ করলেন। যা বাংলাদেশের জন্য এক অনন্য রেকর্ড।

এছাড়াও মো: তাইম হাওলাদার সিনিয়র কারাতে চ্যাম্পিয়নশিপে ৫০ কেজি ওজন শ্রেণিতে রৌপ্য পদক অর্জন করেছেন। প্রতিযোগিতায় দলগত পুরুষ ফাইট ইভেন্টে বাংলাদেশ তাম্র পদক অর্জন করে। ৫-৬ জুলাই দুদিনব্যাপী শ্রীলংকায় এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ছাড়াও ভারত, শ্রীলঙ্কা, পাকিস্তান, নেপাল ও ভুটান এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

মো: তাইম হাওলাদার ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের আবাসিক শিক্ষার্থী।

## কালের কণ্ঠ

# টিএসসিতে হয়ে গেল মূকাভিনয় উৎসব

প্রতিবছরের মতো এবারও ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে ঢাকা ইউনিভার্সিটি মাইম অ্যাকশন আয়োজন করে '৬ষ্ঠ আন্তর্জাতিক মূকাভিনয় উৎসব ২০২৫'। ডেনমার্ক, তুরস্ক, দক্ষিণ কোরিয়া, ভারত ও বাংলাদেশের শিল্পীদের অংশগ্রহণে তিন দিনব্যাপী এই উৎসব শুরু হয়েছিল ৫ জুলাই। গতকাল ছিল উৎসবের শেষ দিন। উৎসবে মূকাভিনয়, পোস্টার প্রদর্শনী, কর্মশালা, সেমিনার, মুক্ত আলোচনাসহ ছিল নানা আয়োজন। ঢাকা ইউনিভার্সিটি মাইম অ্যাকশনের মডারেটর ফাদার তপন ডি রোজারিওর লেখা মূকাভিনয়বিষয়ক বই 'নৈঃশব্দ্যের প্রতিধ্বনি : মাইমের শিল্পান্বেষণ'-এর মোড়কও উন্মোচন করা হয়। ডেনমার্কের ডেনি ডেনিস, দক্ষিণ কোরিয়ার রজার কিম, বাংলাদেশের মিরর মাইম থিয়েটার, প্ল্যাটফর্ম ২৫ ও মাইম ফেইস পরিবেশনায় অংশ নেয়। ২০১১ সালের ২৭ ফেব্রুয়ারি 'না বলা কথাগুলো না বলেই হোক বলা' স্লোগানে যাত্রা শুরু করে ঢাকা ইউনিভার্সিটি মাইম অ্যাকশন। এরই মধ্যে দেশে-বিদেশে আট শতাধিক প্রদর্শনীতে অংশগ্রহণ করেছে মূকনাট্যদলটি। সংগঠনটির প্রতিষ্ঠাতা মীর লোকমান বলেন, 'উৎসবটি বাংলাদেশের সঙ্গে পৃথিবীর অন্যান্য দেশের সাংস্কৃতিক সম্পর্ক মজবুত করেছে।'



Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

DU in Media

২৪ আষাঢ় ১৪৩২

08 july 2025

# কালবেলা



সিটি ব্যাংক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) যৌথভাবে 'এক্সিকিউটিভ লিডারশিপ ট্রেনিং প্রোগ্রাম' চালু করছে। নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মাসরুর আরেফিন এবং আইবিএর ভারপ্রাপ্ত পরিচালক অধ্যাপক মোহাম্মদ শাকিল হুদা।